


c



মিনিটে এক হাজার

হলো না

বে চা রা শি মু!

শ্বেতীর পরিবর্তে

টু ক রো



c



শ্রাবণ্তীর পরিবর্তে

বিটিভিতে প্রচারিত ধারাবাহিক ‘তখন ছিলাম আমি’ নাটক থেকে বাদ দিতে হলো শ্রাবণ্তীকে। তার এক ঘনিষ্ঠ সূত্রে জানা যায়, নাটকটিতে শ্রাবণ্তী থাকায় বিটিভি কর্তৃপক্ষ প্রচারে অনীহা জানায়। তবে এর কারণ সম্পর্কে কিছুই জানায়নি। প্রযোজনা

প্রতিষ্ঠানটি নাটকটি প্রচারের জন্য বাধ্য হয়ে শ্রাবণ্তী অভিনীত অংশগুলো বাদ দেয়। পরে সেই অংশগুলো তিনীকে দিয়ে আবার নতুন করে শৃঙ্খল করে। এই ধারাবাহিকটি এখন নিয়মিত বুধবার রাতে প্রচারিত হচ্ছে।



রিলিজ হলেও শিমু চান নাটকে একটা অবস্থান তৈরি করে নিতে। এরই মধ্যে দু'একটি নাটকে কাজও করেছেন। তবে শিমু সরেচেয়ে খুশি হয়েছেন অরুণ চৌধুরীর একটি নাটকের অফার পেয়ে। এখন শিমু মনে করছে চেষ্টার কোনো বিকল্প নেই।

প্যাকেজ নাটকে এক মিনিটের জন্য সম্মানী এক হাজার টাকা।

ভাবতেই অবাক লাগে। বিষয়টি অবাক হবার মতো হলেও সত্তি। জনপ্রিয় অভিনয় শিল্পী হৃষায়ন ফরীদ চলচ্চিত্রের ব্যস্ততা কমিয়ে ব্যস্ত হয়েছেন প্যাকেজ নাটকে। তিনি প্যাকেজ নাটকে অভিনয়ের জন্য সম্মানী দাবি করেছেন প্রতি মিনিটে এক হাজার টাকা। এ খবর জানায় তার ঘনিষ্ঠ একজন। এমন দাবি করায় তার অনেক শুভাকাঙ্ক্ষী জানিয়েছেন, শিল্পী সম্মানীর জন্য এমন দাবি তার জন্য মঙ্গলকর হবে না। কারণ হিসেবে চিহ্নিত করেন প্যাকেজের সীমাবদ্ধতা। দাবিকৃত সম্মানী না কমালে সেক্ষেত্রে কমবে তার চাহিদা।

না, শেষ পর্যন্ত ‘হৃদয়ের বাঁশি’ ছবিটি রিলিজ হয়নি। কারণ অর্থনৈতিক সংকট। মাত্র ২ লাখ টাকার অভাবে প্রযোজক পিছিয়ে পড়েছেন। ছবিটির নির্মাণশেলী ভালো হলেও টেবিল কালেকশন ভালো হয়নি। ফলে পিছিয়ে গেল মুক্তির তারিখ। জানা গেছে, এ জন্য ছবির নায়ক শাকিল খানকে দায়ী করা হয়েছে। পাশাপাশি এই ছবির নায়িকা মিতালীর সঙ্গে শাকিলের বিয়ের খবরও প্রভাব পড়েছে ছবি রিলিজে। অর্থাৎ যতো দোষ...।

একুশে টেলিভিশন বন্ধ হয়ে যাওয়ায় চিরন্যায়িকা শিমুর মন ভীষণ খারাপ হয়ে গেছে। বড় শখ করে একটি নাটক প্রযোজন করেছিলেন এবং দুই নায়কের বিপরীতে অভিনয়ও করেছেন শিমু। কিন্তু নাটকটির ভবিষ্যৎ অনিশ্চিত হয়ে পড়ায় শিমু চিন্তিত। টাকার চেয়ে বড় কথা নাটকে তার অভিযন্তার বিষয়টি। দ্বিতীয় নায়িকা হিসেবে ২১টি ছবি